গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-৩০

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

## পরিপত্র

**বিষয়: পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' (Delegation of Financial Powers) অর্পন।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা সরকার কর্তৃক নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

**পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' (Delegation of Financial Powers) অর্পন।**

| ক্র. নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ পিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রাতিষ্ঠানিক লেভেল -২<br>প্রধানমন্ত্রীর কার্যালয় | প্রাতিষ্ঠানিক লেভেল -৩<br>ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান<br>(প্রধান নির্বাহী কর্মকর্তা) |
|---|---|---|---|
| ১. | পণ্য/মালামাল ইত্যাদি ক্রয় চুক্তি (রিকোয়েস্ট ফর কোটেশন [আরএফকিউ] পদ্ধতি ব্যতিত অন্য সকল পদ্ধতিতে) | পূর্ণ ক্ষমতা (১০০ কোটি টাকা পর্যন্ত) নিম্নলিখিত শর্ত সাপেক্ষে:<br>(১) 'Public Private Partnership Technical Assistance Financing (পিপিপিটিএএফ) স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১০ কোটি টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |
| ২. | প্রশিক্ষণ, সেমিনার কর্মশালা, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ক্রয় চুক্তি | পূর্ণ ক্ষমতা<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষে:<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের সম্মানী, আপ্যায়ন হার, সেমিনার, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট বিষয়ে সার্কুলার জারি করতে হবে;<br>(৩) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারি দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ সেমিনার, যানবাহন ভাড়া, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের জন্য প্রশাসনিক ব্যয়ের বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক বাৎসরিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদন নিতে হবে;<br>(৪) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ৫০ লক্ষ টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষে:<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের সম্মানী, আপ্যায়ন হার, সেমিনার, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট বিষয়ে সার্কুলার জারি করতে হবে;<br>(৩) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারি দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ সেমিনার, যানবাহন ভাড়া, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের জন্য প্রশাসনিক ব্যয়ের বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক বাৎসরিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদন নিতে হবে;<br>(৪) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

| ক্র. নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ পিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রাতিষ্ঠানিক লেভেল -২ প্রধানমন্ত্রীর কার্যালয় | প্রাতিষ্ঠানিক লেভেল -৩ ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান (প্রধান নির্বাহী কর্মকর্তা) |
|---|---|---|---|
| ৩. | পিপিপি প্রকল্প উন্নয়নের জন্য Transaction Advisor/পরামর্শক নিয়োগের চুক্তি | ১০ কোটি টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮ অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ৮ কোটি টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |
| ৪. | কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে | প্রযোজ্য নয় | অনধিক ৮ লক্ষ টাকা পর্যন্ত। তবে বৎসরে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ।<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮ অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

**উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্ন বর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবে:**

১ ও ২ পণ্য ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক ক্রয়ে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি অনুমোদন করবে।

৩. বিদ্যমান আর্থিক ও প্রাসঙ্গিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে।

৪. বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫ %সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না।

৫. অর্থবছরের ৩০ জুনের মধ্যে অথবা কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে এবং সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬. সকল হিসাব সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে সম্পন্ন করত হবে।

৭. অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেঙ্গে ভেঙ্গে ক্রয় করা যাবে না।

২. এ স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতাসমূহ শুধুমাত্র প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়াধীন পাবলিক প্রাইভেট পাটনারশীপ কর্তৃপক্ষ (পিপিপিএ) এর তত্ত্বাবধানে পরিচালিত পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

৩. এ অর্পিত ক্ষমতাসমূহ রুলস্ অব বিজনেসের সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান পালন সাপেক্ষে প্রয়োগ করতে হবে;

৪. অর্পিত অধিকতর আর্থিক ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তা কর্তৃক সরকারি বিধি-বিধান অনুসরণ করে মিতব্যয়িতা/ দূরদর্শিতা ও বিচক্ষণতার সাথে প্রয়োগ করতে হবে;

৫. প্রচলিত অন্যান্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' অনুশাসনসমূহে যা থাকুক না কেন, পিপিপিটিএএফ তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে এ স্মারকের মাধ্যমে অর্পিত আর্থিক ক্ষমতাসমূহ কার্যকর হবে;